



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি (শোক সংবাদ)

জাবি সাবেক উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমান আর নেই ॥

#### উপাচার্যের শোক ও শ্রদ্ধা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২০ আগস্ট ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুঃখের সঙ্গে জানাচ্ছেন যে, এ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমান (৭৪) আর নেই। আজ বেলা সাড়ে তিনটার দিকে তিনি ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। ইন্নালিল্লাহি---রাজিউন। তিনি স্ত্রী, ২ মেয়ে, ১ ছেলে এবং অগণিত ছাত্র-ছাত্রী ও গুণগ্রাহী রেখে গেছেন। করোনায় আক্রান্ত হয়ে গত ৪ আগস্ট তিনি হাসপাতালে ভর্তি হয়েছিলেন। ড. মুস্তাহিদুর রহমান ২০০৪ সালের ২০ মার্চ থেকে ২০০৮ সালের ২০ মার্চ পর্যন্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন।

আজ বাদ এশা ঢাকার শান্তিনগরস্থ আমিনবাদ জামে মসজিদে প্রথম নামাজে জানাজা এবং আগামীকাল ২১ আগস্ট ২০২১ তারিখ, সকাল নয়টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দ্বিতীয় নামাজে জানাযা শেষে বনানী কবরস্থানে তাঁর মরদেহ দাফন করা হবে।

অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানকারী শিক্ষকদের মধ্যে অন্যতম। ১৯৭১ সালের ৪ জানুয়ারি তিনি এ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। ১৯৭১ সালের ৪ জানুয়ারি এ বিশ্ববিদ্যালয়ের প্রথম ক্লাস অনুষ্ঠিত হয় এবং প্রথম ক্লাসটি তিনি নিয়েছিলেন। তিনি ১৯৭৯ সালে সহকারী অধ্যাপক, ১৯৮১ সালে সহযোগী অধ্যাপক এবং ১৯৮৮ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। তিনি ১৯৪৯ সালের ১ মার্চ কুমিল্লা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৪ সালে ঢাকা বোর্ডে ঢাকা কলিজিয়েট স্কুল থেকে মেধা তালিকায় প্রথম হয়ে মাধ্যমিক, ১৯৬৬ সালে ঢাকা কলেজ থেকে প্রথম বিভাগে মেরিট স্কলারশীপে উচ্চ মাধ্যমিক পাশ করেন। তিনি ১৯৬৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতক (সম্মান) এবং ১৯৭০ সালে ইসলামাবাদ বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। তিনি ইংল্যান্ডের এসেক্স বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৯ সালে পিএইচ.ডি ডিগ্রি লাভ করেন।

#### উপাচার্যের শোক ও শ্রদ্ধা

অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমানের প্রয়াণে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম গভীর শোক ও দুঃখ প্রকাশ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমানের প্রয়াণে দেশ, জাতি এবং বিশ্ববিদ্যালয়ের অপূরণীয় ক্ষতি হলো। অর্থনীতি বিষয়ে তাঁর জ্ঞান এবং প্রাজ্ঞতায় জাতি সমৃদ্ধ হয়েছিল। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রথম দিকের শিক্ষক এবং পরবর্তী সময়ে উপাচার্য হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নে তাঁর অবদান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। তিনি কর্মের মধ্যদিয়ে অমর হয়ে থাকবেন। উপাচার্য প্রয়াত অধ্যাপক ড. খন্দকার মুস্তাহিদুর রহমানের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করে তাঁর আত্মার শান্তি কামনা করেন।

*Mohammad Mahiuddin*

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

